দৈনিক ইত্তেফাক

তারিখ [illegible]
পৃষ্ঠা ৩ ... কলাম [illegible]

# রাজশাহী বিশ্ববিদ্যালয় সেশন জট মুক্ত হইতে চলিয়াছে

......................................ভিসি

রাজশাহী অফিস ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর সাইদুর রহমান খান গত বৃহস্পতিবার রাজশাহী বিশ্ববিদ্যালয় সিনেট সভায় জানাইয়াছেন. এই বিশ্ববিদ্যালয় অবশেষে প্রায় সেশনজট মুক্ত হইয়াছে। শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় থাকিলে বছরখানেকের মধ্যে অধিকাংশ বিভাগকে সেশনজটের অভিশাপমুক্ত করা যাইবে।

(১৩শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বিশ্ববিদ্যালয় সেশনজট

(৩য় পৃঃ পর)

বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম সম্পর্কে প্রফেসর সাইদুর রহমান খান জানান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, চতুর্থ বিজ্ঞান ভবন, ডীন কমপ্লেক্স, শিক্ষক ও কর্মচারীদের জন্য ৫৭ লক্ষ টাকা ব্যয়ে আট ইউনিট বিশিষ্ট একটি এবং যথাক্রমে ৩৭ ও ২৩ লক্ষ টাকা ব্যয়ে সহায়ক ও সাধারণ কর্মচারীদের জন্যও আট ইউনিট বিশিষ্ট দুইটি আবাসিক ভবন নির্মাণ কাজ শেষের দিকে। ভাইস চ্যান্সেলর বলেন, সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদ খোলা হইয়াছে। ইহা ছাড়া আরও দুইটি বিভাগ ইনফরমেশন এন্ড কমুনিকেশন টেকনোলজি ও মিউজিক এন্ড ড্রামাটিক্স বিভাগসহ ইন্সটিটিউট অব এনভায়রনমেন্টাল সায়েন্সেস এবং ইন্সটিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ চালু করা হইয়াছে।

গত বৃহস্পতিবার অনুষ্ঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেটে সিন্ডিকেটে একজন করিয়া রেজিষ্টার্ড গ্রাজুয়েট শিক্ষাবিদ ও বিশিষ্ট নাগরিক সদস্য মনোনয়নের জন্য নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে মোট ৭৬ ভোটের মধ্যে শিক্ষাবিদ ক্যাটেগরিতে ডাঃ রোস্তম উদ্দীন আহমদ এবং বিশিষ্ট নাগরিক হিসাবে এডভোকেট জিল্লুর রহমান যথাক্রমে ৫০ ও ৫১ ভোটে নির্বাচিত হন। রেজিষ্টার্ড ক্যাটেগরিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন তাসনীন আলম।